


বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের উদ্ভাবন কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ  
পদক্ষেপের রূপরেখা

ক্রমিক নং	বিষয়	কার্যক্রম/পদক্ষেপ
০১	কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি সম্পর্কিত	<p>করোনা ভাইরাসজনিত মহামারী বিস্তার রোধকল্পে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল প্রকল্প এবং হাই-টেক পার্ক সমূহে নিরাপদ স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি সম্পর্কিত অফিস আদেশ জারি করা হয়েছে। জারিকৃত অফিস আদেশে অনুসরণীয় বিষয়সমূহ নিম্নরূপঃ</p> <p>ক) কর্মীগণ নির্দিষ্ট প্রবেশ পথ দিয়ে প্রবেশ এবং প্রস্থান করবেন। প্রবেশপথে অবশ্যই ব্লিচিং পাউডারে ভেজা কাপড় বা চটের বস্তা বিছিয়ে রাখতে হবে। সম্ভব হলে ৭০% এলকোহল দিয়ে স্প্রে করা যেতে পারে।</p> <p>খ) প্রবেশের সময় উপযুক্ত ব্যক্তির মাধ্যমে সকল কর্মীদের জ্বর, কাশি, শ্বাসকষ্ট আছে কি না পরীক্ষা করতে হবে।</p> <p>গ) পার্কের উদ্দেশ্য যাত্রাকালীন যানবাহনে আবশ্যিকভাবে মাস্ক (সার্জিক্যাল মাস্ক অথবা তিন পরত বিশিষ্ট কাপড়ের মাস্ক যা নাক ও মুখ ভালোভাবে ঢেকে) ব্যবহার করতে হবে।</p> <p>ঘ) পার্কের উদ্দেশ্যে যাত্রার পূর্বে হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।</p> <p>ঙ) ব্যক্তিগত যানবাহনের মাধ্যমে পার্কে আগমনের ক্ষেত্রে যানবাহন অবশ্যই ৭০% এলকোহল দিয়ে জীবানুমুক্ত করতে হবে। গণপরিবহন যথাসম্ভব এড়িয়ে চলতে হবে। যানবাহনে বসার সময় পারস্পরিক ন্যূনতম (তিন ফুট) শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।</p> <p>চ) পার্কের কর্মীদেরকে করোনা প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে হবে এবং তারা স্বাস্থ্য বিধিসমূহ মেনে চলছে কি না তা মনিটরিং করতে হবে।</p> <p>ছ) পার্কের কোনো কর্মীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাকে কোয়ারেন্টাইনে/আইসোলেশনে রাখার ব্যবস্থা করতে হবে।</p> <p>জ) নিজ নিজ আবাসস্থলে পার্কের কর্মীদের ব্যক্তিগত হাইজিন বা পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। পার্কের কর্মীদের অপ্রয়োজনে হাট-বাজার-শপিংমল এবং অন্যান্য জনসমাগম এড়িয়ে চলতে হবে।</p>
০২	ওয়ান স্টপ সার্ভিস প্রদান ও সার্ভিস সংখ্যা বৃদ্ধি	<p>মহামারী/আপদকাল মোকাবেলায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল এর মাধ্যমে বিনিয়োগকারীদের সেবা প্রদান করেছে এবং প্রয়োজনীয় অনেক নতুন সেবা ওয়ান স্টপ সার্ভিস পোর্টাল-এ সংযুক্ত করেছে যেন বিনিয়োগকারীগণ বাসা থেকেই সকল সেবা গ্রহণ করতে পারে।</p>

০৩	ই-নথি কার্যক্রম	(ক) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ই-নথি কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীদের ই-নথি বিষয়ক রিফ্রেশমেন্ট প্রশিক্ষণ সেইসাথে নতুন যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদেরকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ জুম প্ল্যাটফরম (অনলাইন)-এ প্রদান করা হয়েছে। (খ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় ই-নথির মাধ্যমে সকল কার্যক্রম পরিচালনা করার জন্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল প্রকল্পকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
০৪	অনলাইন পেমেন্ট সিস্টেম	বিনিয়োগকারীদের সেবা গ্রহণের ক্ষেত্রে সার্ভিস বাবদ ফি এবং চার্জ দিতে হয় সেজন্য মহামারী/আপদকালে অনলাইন পেমেন্ট সিস্টেম চালু করা হয়েছে যাতে করে বিনিয়োগকারীগণ অনলাইন সিস্টেমে পেমেন্ট করতে পারে।
০৫	সভা/সেমিনার/কনফারেন্স	কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সভা যেমন সম্ভাব্যতা সমীক্ষা যাচাই সম্পর্কিত ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে সভা, প্রকল্পের অগ্রগতি বিষয়ক সভা, ইনোভেশন টিমের সভা, এপিএ, এনআইএস সংক্রান্ত সভা ইত্যাদি সহ সকল প্রকার সভা জুম প্ল্যাটফর্ম (অনলাইন)-এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
০৬	ভিডিওকলের মাধ্যমে সেবা প্রদান	কোভিডকালীন মহামারী/আপদকালে আইসিটি টাওয়ারে প্রবেশে নিষেধাজ্ঞা থাকার কারণে প্রবেশ করতে না পারা সেবাপ্রার্থীদের ভিডিওকলের মাধ্যমে তাদের চাহিত প্রয়োজনীয় সকল সেবা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
০৭	ই-লার্নিং এবং অন্যান্য প্রশিক্ষণ/কর্মশালা	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় সকল ধরনের প্রশিক্ষণ/কর্মশালা (ইন-হাউজ প্রশিক্ষণ, বিভিন্ন ধরনের কর্মশালা, প্রকল্পের সকল প্রশিক্ষণ) জুম প্ল্যাটফর্ম (অনলাইন)-এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।
০৮	ভিডিও কনফারেন্স নিশ্চিতকরণ	মহামারীকালীন বিশেষ পরিস্থিতিতে অন্যান্য দপ্তরের মধ্যে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বিভিন্ন চুক্তি, MoU স্বাক্ষর ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
০৯	ওয়েবসাইট হালনাগাদকরণ	কোভিডকালীন মহামারী/আপদকাল মোকাবেলায় নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করা হয়েছে যেন প্রত্যেক সেবাগ্রহণকারী নিজ বাসায় থেকে ওয়েবসাইট ব্রাউজিং এর মাধ্যমে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সকল তথ্য জানতে পারে এবং সে মোতাবেক সুবিধা গ্রহণ করতে পারে।

  
 প্রকৌশলী মোঃ মাহাবুল আলম  
 এসিস্টেন্ট মেনেজার ইঞ্জিনিয়ার  
 বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ  
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
 ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়